# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধানকাযালয়
৮৩-৮৫ মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ।

ফোন-০২-২২৩৩৮৮৯৪৯; ই-মেইল ঃ dgmsme@krishibank.org.bd


বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-(শাখা-৪)এসএমই-৭(৮)/করোনা/২০২১-২০২২/ ৭৬১ (১২৫০)    তারিখঃ ২৪/১০/২০২১

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের বাংলাদেশ ব্যাংক, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্টের পত্র নং-৪৩৩১ এবং অত্র বিভাগের পত্র নং-৩০ তারিখ যথাক্রেম ২১/১০/২০২১, ০৬/০৭/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৩ বছর মেয়াদী সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (২০২১-২০২২) বাস্তবায়নের লক্ষ্যে অত্র বিভাগের পত্রসূত্র নং-৩০, তারিখঃ ০৬/০৭/২০২১ মূলে লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকা বিভাগীয় কার্যালয়সমূহের মাঝে বরাদ্দ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে অঞ্চল কর্তৃক শাখাওয়ারী ও বিভাগ কর্তৃক অঞ্চলওয়ারী নিবিড় মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হয়েছে। ৩০/০৯/২০২১ তারিখ পর্যন্ত প্রদত্ত লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকার বিপরীতে বিতরণ হয়েছে মাত্র ১৪.৭৭ শতাংশ, যা কাঙ্খিত লক্ষ্যমাত্রা ২৫ শতাংশ এর অনেক কম। বাংলাদেশ ব্যাংক কতৃক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা জানতে চাওয়া হয়েছে।

০৩। সর্বশেষ ২১/১০/২০২১ তারিখ ভিত্তিক সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের ২য় পর্যায়ে (অর্থবছর: ২০২১-২০২২) অত্র ব্যাংকের বিভাগওয়ারী ঋণ বিতরণের সার্বিক অবস্থা নিম্নরূপ ঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নং | বিভাগীয় কার্যালয় | সিএমএসএমই(কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ২য় পর্যায় (অর্থবছর:২০২১-২০২২) | | | ২১/১০/২০২১ তারিখ ভিত্তিকি আনুপাতিক লক্ষ্যমাত্রা (৩১.৩৯%) | ২১/১০/২০২১ তারিখ ভিত্তিক আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন (কম/বেশি) |
|---|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অর্জন | অর্জনের হার | | |
| ১ | ঢাকা | ৪০.০০ | ৪.৫৩ | ১১% | ১২.৫৬ | -৮.০৩ |
| ২ | ময়মনসিংহ | ২৪.০০ | ২.২৮ | ১০% | ৭.৫৩ | -৫.২৫ |
| ৩ | চট্টগ্রাম | ২৫.০০ | ৮.১৮ | ৩৩% | ৭.৮৫ | +০.৩৩ |
| ৪ | খুলনা | ১৫.০০ | ৩.৭২ | ২৫% | ৪.৭১ | -০.৯৯ |
| ৫ | বরিশাল | ৬.০০ | ৩.২৩ | ৫৪% | ১.৮৮ | +১.৩৫ |
| ৬ | সিলেট | ১৫.০০ | ২.৫২ | ১৭% | ৪.৭১ | -২.১৯ |
| ৭ | কুমিল্লা | ৩৩.০০ | ৫.৮৯ | ১৮% | ১০.৩৬ | -৪.৪৭ |
| ৮ | ফরিদপুর | ১৫.০০ | ৪.৪৬ | ৩০% | ৪.৭১ | -০.২৫ |
| ৯ | কুষ্টিয়া | ২২.০০ | ২.৮১ | ১৩% | ৬.৯১ | -৪.১০ |
| ১০ | এলপিও | ৫.০০ | ০.০৫ | ১.০০% | ১.৫৭ | -১.৫২ |
| মোট | | ২০০.০০ | ৩৭.৬৭ | ১৯% | ৬২.৭৯ | -২৫.১২ |

০৪। উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়, চট্টগ্রাম ও বরিশাল বিভাগ ব্যতীত কোন বিভাগই সিএমএসএমই (কোভিড-১৯) প্রণোদনা প্যাকেজ ২য় পর্যায় (অর্থবছর: ২০২১-২০২২) এর আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার আনুপাতিক হার অর্জন করতে পারেনি, যা খুবই দুঃখজনক। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ বিভাগীয় কার্যালয়সমূহের নিকট আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা জানতে চেয়েছেন। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমকে সর্বাধিক গুরুত্বারোপকরতঃ ৩০/১১/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন এবং ৩১/১২/২০২১ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার নূন্যতম ৫০ শতাংশ অর্জন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা পরিচালক সদয় নির্দেশনা প্রদান করেছেন।

চলমান পাতা-০২

বিষয়ঃ নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।

০৫। এমতাবস্থায়, ২১/১০/২০২১ তারিখ ভিত্তিক সিএমএসএমই প্রনোদনা প্যাকেজের ২য় পর্যায়ে (অর্থবছর: ২০২১-২০২২) আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ বিভাগীয় কার্যালয়সমূহকে ২৬/১০/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ কার্যক্রমকে সর্বাধিক গুরুত্বারোপকরতঃ ৩০/১১/২০২১ তারিখের মধ্যে আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জন এবং **৩১/১২/২০২১ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার নূন্যতম ৫০ শতাংশ অর্জন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।** বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত তদারকিসহ যথাসময়ে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২৪/১০/২০২১

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ০২-২২৩৩৮৮৯৪৯

প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৪-এসএমই-৭(৮)/২০২১-২২/ ৭৫৯(১২৫৫)

তারিখঃ ২৪/১০/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

২৪/১০/২০২১
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

Web: www.bb.org.bd
Fax: 88-02-9512991

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট


সূত্র নং- এসএমইএসপিডি/৭০১(৪৪)কোভিড-১৯/২০২১-৪৩৩১(৭)

তারিখ ঃ ২১ অক্টোবর, ২০২১

ব্যবস্থাপনা পরিচালক এবং প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

মহোদয়,

**নভেল করোনা ভাইরাস (COVID-১৯) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত বিশেষ প্রণোদনা প্যাকেজ (২য় পর্যায়) বাস্তবায়ন প্রসঙ্গে।**

আপনারা অবগত আছেন যে, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ৩ বছর মেয়াদী সিএমএসএমই (CMSME) প্রণোদনা প্যাকেজের দ্বিতীয় পর্যায় (২০২১-২০২২) বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের ৩১/১২/২০২০ তারিখ ভিত্তিক নীট সিএমএসএমই (CMSME) স্থিতির ভিত্তিতে লক্ষ্যমাত্রা বরাদ্দ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়ন নিশ্চিতকল্পে বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রা শাখাওয়ারী, জেলাওয়ারী ও বিভাগওয়ারী বন্টনপূর্বক নিবিড় মনিটরিং এর নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। আপনাদের ব্যাংক কর্তৃক দাখিলকৃত বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, ৩০/০৯/২০২১ তারিখ পর্যন্ত প্রদত্ত লক্ষ্যমাত্রা ২০০.০০ কোটি টাকার বিপরীতে বিতরণ মাত্র ১৪.৭৭ শতাংশ, যা কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা ২৫ শতাংশ এর অনেক কম। এমতাবস্থায় **লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার যৌক্তিকতা আগামী ২৮/১০/২০২১ তারিখের মধ্যে** অত্র ডিপার্টমেন্টকে অবহিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

০৩। আরও উল্লেখ্য যে, বরাদ্দপ্রাপ্ত লক্ষ্যমাত্রার শতভাগ বাস্তবায়নের নিমিত্ত মোট লক্ষ্যমাত্রাকে ত্রৈমাসিক ভিত্তিতে বিভাজন করে তা অর্জনে সচেষ্ট হওয়ার জন্য আপনাদেরকে অনুরোধ জানানো যাচ্ছে। একইসাথে, সিএমএসএমই খাতে শতভাগ ঋণ/বিনিয়োগ বিতরণ নিশ্চিত করে শিল্প ক্ষেত্রে সার্বিক কর্মকান্ড গতিশীল করার লক্ষ্যে বর্ণিত বিষয়াবলীকে সর্বাধিক গুরুত্বারোপকরতঃ **৩১/১২/২০২১ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রার মোট ৫০ শতাংশ অর্জন নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী হিসেবে সরাসরি আপনার ভূমিকা গ্রহণে** অনুরোধ জানানো হলো।

আপনাদের বিশ্বস্ত,


(মোঃ আরিফুজ্জামান)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৫৪৯
md.arifuzzaman@bb.org.bd